

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৫৫

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৩

মুখ্যমন্ত্রীর সাথে পর্যটনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর
সৌরভ গাঙ্গুলীর সৌজন্য সাক্ষাত



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা রাজ্যের পর্যটনের উন্নয়নের পাশাপাশি ক্রিকেটের উন্নয়নে সহায়তা করার জন্য রাজ্য পর্যটনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর তথা ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলীকে অনুরোধ জানিয়েছেন। আজ রাতে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে সৌরভ গাঙ্গুলী মুখ্যমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। রাজ্যের পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী সাক্ষাতের সময় উপস্থিত ছিলেন। আলোচনার সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা রাজ্যের অন্যতম পর্যটন কেন্দ্র তৃষণ অভয়ারণ্যে পরবর্তী সময়ে যাওয়ার জন্য সৌরভ গাঙ্গুলীকে অনুরোধ জানান। উভয়ের মধ্যে পর্যটন ও ক্রিকেট সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। রাজ্য ক্রিকেট সংস্থার সাথে যুক্ত বর্তমান মুখ্যমন্ত্রীর সাথে আগেই পরিচয় রয়েছে বলে সৌরভ গাঙ্গুলী উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী ডাঃ সাহা রাজ্যের ঐতিহ্যবাহী জনজাতিদের রিসা, পুষ্পস্তবক ও স্মারক উপহার সৌরভ গাঙ্গুলীর হাতে তুলে দিয়ে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান।
